

জাহাজ নির্মাণ
শিল্পে প্রদত্ত বন্ডেড ওয়ার
হাউস লাইসেন্স কি পদ্ধতি
অনুসারে পরিচালিত
হচ্ছে ?

দেশের রপ্তানি বাণিজ্যে শতভাগ রপ্তানিকারক জাহাজ
নির্মাণ শিল্প একটি উল্লেখযোগ্য সংযোজন। এ
সেক্টরকে উৎসাহ প্রদান, আমদানিকৃত
কাঁচামাল দ্রুততার সাথে খালাস ও
সামগ্রিকভাবে তাদের কার্যক্রম সহজতর
করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড শতভাগ রপ্তানিমুখী জাহাজ

নির্মাণ শিল্পে ব্যবহার্য আমদানিকৃত কাঁচামাল খালাস/রপ্তানি

প্রসংগে একটি সাধারণ আদেশ নং-১১/২০০৮/শুল্ক তারিখ: ১৮/০৩/২০০৮ জারী করে। উক্ত
আদেশের মাধ্যমে এ ধরনের শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে বন্ড লাইসেন্স প্রদান করার নির্দেশ প্রদান
করা হয়। এছাড়া আরও কতিপয় শর্ত আরোপ করা হয়েছে। যেমন -

(ক) যে দেশ থেকে কার্যাদেশ পাওয়া যাবে সে দেশের ক্রেতা প্রতিষ্ঠান আমদানিতব্য
কাঁচামালের সঠিক পরিমাণ ও Specification বিষয়ে একটি প্রত্যয়নপত্র শুদ্ধায়নকালে
পেশ করবে যাতে ব্যবহার্য কাঁচামাল সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। এছাড়া কার্যাদেশ সংশ্লিষ্ট
জাহাজ নির্মাণে কি পরিমাণ কাঁচামাল ব্যবহার হবে এর সঠিক Specification সম্পর্কে
বন্ডার International Classification Society কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র পণ্য
খালাস কালে দাখিল করবেন;

(খ) জাহাজীকরনের পূর্বে পিএসআই সম্পন্ন করতে হবে। তবে উক্ত শর্ত জাতীয় রাজস্ব বোর্ড
পত্র নং- ১(৬) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/৪৩১ তারিখ: ২৯/০৭/২০০৯ দ্বারা বাতিল করা
হয়েছে। কারণ এসআরও ১৪৪/২০০৯ অনুযায়ী বন্ডের আওতায় আমদানিকৃত কাঁচামালকে
বাধ্যতামূলক পিএসআই হতে অব্যাহতি প্রদান করা হয়েছে;

(গ) কার্যাদেশ ব্যবহারযোগ্য কাঁচামালের বিষয়ে প্রত্যয়নপত্র পাওয়ার পর কমিশনার বন্ড ইউপি
প্রদান করবেন। কাঁচামালের ব্যবহার সম্পর্কে Co-efficient বুয়েটের সংশ্লিষ্ট বিভাগের
একজন এন্সপার্ট/ নৌ বাণিজ্য সদর দপ্তরের Principal Officer দ্বারা প্রস্তুত হতে হবে;

(ঘ) পণ্য চালান বন্দরে সঠিক পরীক্ষার পরিবর্তে বন্ডারের Ship Yard-এ সহকারী কমিশনারের
নিম্নে নহে এমন কর্মকর্তার তত্ত্বাবধানে কায়িক পরীক্ষা হবে। তবে কমিশনার ইচ্ছাকরলে
খালাসের পূর্বেই পরীক্ষা সম্পন্ন করতে পারবেন। শুল্ক বন্দর হতে Ship Yard পর্যন্ত পণ্য
চালান একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নয় এমন কর্মকর্তার পরীক্ষণে (Escort)
পৌছাতে হবে। পণ্য খালাসকালে প্রতি পণ্য চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-করের ২৫%
এর বিপরীতে নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে;

(চ) আমদানিকৃত কাঁচামাল যথারীতি বন্ড রেজিস্টারে ইনবন্ড ও ব্যবহৃত কাঁচামালের বিবরণ
যথারীতি লিপিবদ্ধ হবে। জাহাজ নির্মাণ ও রপ্তানি হওয়ার পর এর সপক্ষে পিআরসি
দাখিলকালে তা যাচাই করে সঠিকপেলে আমদানি পর্যায়ে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি
অবমুক্ত হবে;

এ সকল শর্তের বাইরে কমিশনার ইচ্ছা করলে আরও শর্ত আরোপ করতে পারবেন এর
শ্রেণিতে বন্ড কমিশনারেট থেকে পত্র নং-৫(১৩)১৯৬/বন্ড কমি (সদর)/অটোমেশন/২০০৮
তারিখ: ২৭/০৫/২০০৯ এর মাধ্যমে একটি অফিস আদেশ জারী করা হয়েছে।